# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৯২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ দুই খুতবার মাঝে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কী বলতেন তার বিবরণ

## ذِكْرُ مَا كَانَ يَقُولُ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي جُلُوسِهِ بَيْنَ الْخُطْبَتَيْنِ

আরবী

2792 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا أَيُّوبُ بْنُ مُحَمَّدٍ الْوَزَّانُ قَالَ: حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي زَائِدَةَ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ عَلَى الْمِنْبَرِ ثُمَّ يَجْلِسُ ثُمَّ يَقُومُ فَيَخْطُبُ فَيَجْلِسُ بَيْنَ الْخُطْبَتَيْنِ يَقْرَأُ مِنْ كِتَابِ اللَّهِ وَيُذَكِّرُ الناس.
الراوي : جَابِرِ بْنِ سَمُرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2792 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) (1004).

বাংলা

২৭৯২. জাবির বিন সামুরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বারের উপর খুতবা দিতেন, তারপর বসতেন, তারপর দাঁড়াতেন এবং ভাষন দিতেন। তিনি দুই খুতবার মাঝে বসতেন। তিনি (খুতবায়) কুরআন পাঠ করতেন এবং মানুষকে উপদেশ দিতেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৮৭; আবূ দাউদ: ১১০১; নাসাঈ: ৩/১১০; ইবনু মাজাহ: ১১০৬; সহীহ মুসলিম: ৮৬২; দারেমী: ১/৩৬৬; হাকিম: ১/২৮৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০০৪)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92122

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন